গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ২২৮/২০১৮-২০১৯

ঢাকা, বৃহস্পতিবার ৩০ মে ২০১৯, ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। নরেন্দ্র মোদির শপথ অনুষ্ঠানে যোগ দিতে ভারতে গেছেন রাষ্ট্রপতি

২। শান্তি মিশনে দেশের ভাবমূর্তি তুলে ধরুন :
আন্তর্জাতিক শান্তিরক্ষী দিবসের অনুষ্ঠানে সংশ্লিষ্টদের প্রতি রাষ্ট্রপতি

৩। টোকিওতে বাংলাদেশ ও জাপানের প্রধানমন্ত্রীর মধ্যে দ্বিপক্ষীয় বৈঠক :
উন্নত দেশের স্বপ্ন পূরণে পাশে থাকবে জাপান
২৫০ কোটি ডলারের উন্নয়ন সহায়তা চুক্তি স্বাক্ষর

৪। জাপানী উদ্যোক্তাদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর

৫। সামিট গ্রুপ ও জেইআরএ'র মধ্যে সমঝোতা স্বাক্ষর

৬। সিঙ্গাপুরের স্পিকারের সঙ্গে ড. শিরীন শারমিন চৌধুরীর বৈঠক

৭। মেট্রোরেল চালু হবে ২০২১ সালে : সেতুমন্ত্রী

৮। পুলিশের জন্য কেনা হচ্ছে ৭৯০টি গাড়ি : ক্রয়কমিটিতে অনুমোদন

৯। ফায়ারম্যান সোহেলের পরিবারকে ১২ লাখ টাকার চেক প্রদান করলেন স্বরাষ্ট্রমন্ত্রী

১০। সংবাদ প্রকাশে সতর্ক হোন : তথ্যমন্ত্রী
ধান খেতে আগুন দেওয়ার ঘটনা সাজানো নাটক

১১। মাদক পুনবার্সনকেন্দ্র স্থাপন ও দুর্নীতি দমনে সহযোগিতার আশ্বাস :
ভিয়েনায় ইউএনওডিসির মহাপরিচালকের সঙ্গে আইনমন্ত্রীর বৈঠক

১২ ঈদের আগেই বেতন পাবেন বেসরকারি শিক্ষক-কর্মচারীরা : শিক্ষামন্ত্রী

১৩। রোগাক্রান্তদের ৬০ শতাংশ মারা যাচ্ছে অসংক্রামক রোগে : স্বাস্থ্যমন্ত্রী

১৪। ঈদযাত্রায় পাটুরিয়া-দৌলতদিয়ায় এবার ভোগান্তি পোহাতে হবে না : নৌ-প্রতিমন্ত্রী

১৫। ঢাকা দক্ষিণ সিটির উন্নয়নে ১০ কোটি ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক

চলমান পাতা-২

১। **নরেন্দ্র মোদির শপথ অনুষ্ঠানে যোগ দিতে ভারতে গেছেন রাষ্ট্রপতি**

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শপথ অনুষ্ঠানে যোগ দিতে তিনদিনের সফরে নয়াদিল্লী পৌঁছেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (২৯ মে বুধবার) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইটে নয়াদিল্লীতে পৌঁছেন রাষ্ট্রপতি। বিমানবন্দরে বাংলাদেশের রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানান ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব টি এস ত্রিমূর্তি। শপথ অনুষ্ঠান শেষে ভারতের রাষ্ট্রপতির দেয়া নৈশভোজে অংশ নেবেন রাষ্ট্রপতি। এছাড়া রাষ্ট্রপতি ভারতের রাষ্ট্রপতি রাম নাথ কবিন্দের সঙ্গে এক সৌজন্য স্বাক্ষাৎ করবেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **সংবাদ (শেষ** পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট (শেষ** পৃ,ক.১), **নিউজ টুডে (শেষ** পৃ,ক.১)।

২। **শান্তি মিশনে দেশের ভাবমূর্তি তুলে ধরুন :**
আন্তর্জাতিক শান্তিরক্ষী দিবসের অনুষ্ঠানে সংশ্লিষ্টদের প্রতি রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বিরোচিত কাজ, মেধা এবং বিচক্ষণতার মাধ্যমে জাতিসংঘ শান্তি মিশনে দেশের ভাবমূর্তি তুলে ধরতে বাংলাদেশি শান্তিরক্ষীবাহিনীর প্রতি আহ্বান জানিয়েছেন। আন্তর্জাতিক শান্তিরক্ষী দিবস উপলক্ষে গতকাল (২৯ মে বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাষ্ট্রপতি জাতিসংঘ মিশনে কর্মরত বাংলাদেশি শান্তিরক্ষীবাহিনীর উদ্দেশ্যে বলেন, বাংলাদেশ একটি শান্তিকামী দেশ। আমার ধারণা, বাংলাদেশের শান্তিরক্ষীবাহিনী আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের জাতীয় পতাকা তুলে ধরার মাধ্যমে একটি শান্তিকামী দেশ হিসেবে বাংলাদেশকে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাবেন। পরে রাষ্ট্রপতি জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের ৩০ বছর পূর্তি উপলক্ষে একটি বিশেষ ডাক টিকিট অবমুক্ত করেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **সমকাল (শেষ** পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৩)।

৩। **টোকিওতে বাংলাদেশ ও জাপানের প্রধানমন্ত্রীর মধ্যে দ্বিপক্ষীয় বৈঠক :**
উন্নত দেশের স্বপ্ন পূরণে পাশে থাকবে জাপান
২৫০ কোটি ডলারের উন্নয়ন সহায়তা চুক্তি স্বাক্ষর

রোহিঙ্গা সংকটের টেকসই ও আশু সমাধানের উপায় নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে আলোচনা করেছেন। এ সময় বাংলাদেশের উন্নত দেশ হওয়ার স্বপ্ন পূরণে সহায়তা অব্যাহত রাখার আশ্বাস দিয়েছেন জাপানের প্রধানমন্ত্রী। গতকাল (২৯ মে বুধবার) টোকিওতে জাপান ও বাংলাদেশের প্রধানমন্ত্রী পর্যায়ের দ্বিপক্ষীয় বৈঠকে এসব বিষয় উঠে এসেছে।

বৈঠকের পর জাপান ও বাংলাদেশের প্রধানমন্ত্রীর উপস্থিতিতে কয়েকটি উন্নয়ন প্রকল্পে অর্থায়নের জন্য জাপানের সঙ্গে ২৫০ কোটি ডলারের উন্নয়ন সহায়তা চুক্তি করেছে বাংলাদেশ সরকার। চুক্তির পর সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশের কাতারে নিয়ে যাওয়ার লক্ষ্য নির্ধারণ করেছি আমরা। এ লক্ষ্য পূরণে জাপান আমাদের পাশে থাকবে ও প্রয়োজনীয় সহযোগিতা করে যাবে বলে জাপানের প্রধানমন্ত্রী নিশ্চিত করেছেন। আঞ্চলিক কানেকটিভিটির বিষয়ে আলোচনার কথা জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আঞ্চলিক সহযোগিতা বাড়াতে ভৌত অবকাঠামো উন্নয়নেও জাপান সহায়তা দেবে। আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার বিষয়টিও দুজনের আলোচনায় স্থান পেয়েছে বলে জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৪। **জাপানী উদ্যোক্তাদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দু'দশের মধ্যকার ব্যবসা-বাণিজ্যের পুরো সম্ভাবনা কাজে লাগিয়ে বাংলাদেশের সঙ্গে বাণিজ্য বাড়াতে রপ্তানিমুখী খাতগুলোতে বিনিয়োগের জন্য নতুন নতুন ক্ষেত্র অনুসন্ধান করতে জাপানী ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, আমরা আমাদের রপ্তানি বাণিজ্যে বৈচিত্র্য দেখতে চাই। এক্ষেত্রে জাপানী ব্যবসায়ীদের বাংলাদেশে রপ্তানিকেন্দ্রিক খাতগুলোতে বিনিয়োগের জন্য নতুন নতুন ক্ষেত্র অনুসন্ধানের আহ্বান জানাই।

এ প্রসঙ্গে সারাদেশে একশ বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলার জন্য তাঁর সরকারের উদ্যোগ তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, আড়াইহাজারে জাপানের বিনিয়োগকারীদের জন্যই একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করা হচ্ছে। প্রধানমন্ত্রী তৈরিপোশাক শিল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং সফটওয়্যার শিল্পের সম্ভাবনা, কৃষিভিত্তিক পণ্য, পাটের তৈরি সামগ্রী, গৃহস্থালী সামগ্রী, হালকা প্রকৌশল, চামড়াজাত পণ্য এবং ওষুধ শিল্পের সম্ভাবনা তুলে ধরে এসব খাতে জাপানি বিনিয়োগ প্রত্যাশা করেন। **সূত্র : ইত্তেফাক (পৃ.৭,ক.২), জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **অবজারভার (শেষ** পৃ,ক.৪)।

৫। **সামিট গ্রুপ ও জেইআরএ'র মধ্যে সমঝোতা স্বাক্ষর**

বাংলাদেশের সামিট গ্রুপ এবং জাপানের এনার্জি ফর নিউ এরার (জেইআরএ) মধ্যে গতকাল (২৯ মে বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। সামিট গ্রুপের ফয়সাল করিম খান এবং জেইআরএ'র তোশিরো কোদোমা নগরীর একটি হোটেলে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্রঃ **সমকাল** (পৃ.১৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **অবজারভার** বিজসেন পাতা (পৃ.১,ক.১)।

৬। **সিঙ্গাপুরের স্পিকারের সঙ্গে ড. শিরীন শারমিন চৌধুরীর বৈঠক**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গতকাল (২৯ মে বুধবার) সিঙ্গাপুর পার্লামেন্টের স্পিকার তান চুয়ান জিনের সঙ্গে তাঁর পার্লামেন্ট কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এ সময় তাঁরা সংসদীয় চর্চা, ব্যবসা-বাণিজ্য, রোহিঙ্গা ইস্যু, জলবায়ু পরিবর্তন, বাংলাদেশের উন্নয়ন ও ডিজিটাল রূপান্তর ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। বৈঠককালে বাংলাদেশের স্পিকার বলেন, সিঙ্গাপুরের সঙ্গে বাংলাদেশের বন্ধুত্বপূর্ণ সুসম্পর্ক দীর্ঘদিনের। ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি, দুই দেশের সংসদ সদস্যদের সফর ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে এ সম্পর্ক আরো সুদৃঢ় অবস্থানে নিয়ে যাওয়ার সুযোগ রয়েছে। সিঙ্গাপুরের স্পিকার বাংলাদেশে নারীর ক্ষমতায়ন এবং অর্থনৈতিক উন্নয়নের ভূয়সী প্রশংসা করেন। বাংলাদেশের উন্নয়নে সিঙ্গাপুরের সহযোগিতা অব্যাহত থাকবে বলে তিনি উল্লেখ করেন। সূত্র : ইত্তেফাক (পৃ.১৫,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.৬)।

৭। **মেট্রোরেল চালু হবে ২০২১ সালে : সেতুমন্ত্রী**

ঢাকা মহানগরীর যানজট নিরসন ও গণপরিবহণের সক্ষমতা বাড়াতে ২০৩০ সালের মধ্যে ৬টি মেট্রোরুটের সমন্বয়ে একটি শক্তিশালী মেট্রোরেল নেটওয়ার্ক গড়ে তোলার পরিকল্পনা রয়েছে সরকারের। এর মধ্যে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর বছর ২০২১ সালের ১৬ ডিসেম্বর উত্তরা-মতিঝিল পর্যন্ত মেট্রোরেল চালু হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। মেট্রোরেলের নির্মাণকাজের কারণে সাময়িক অসুবিধা মেনে নেয়ায় নগরবাসীকে ধন্যবাদ জানিয়ে সেতুমন্ত্রী বলেন, এ নির্মাণ কাজের জন্য রাস্তায় চলাচলে সেক্রিফাইস করতে হচ্ছে। দীর্ঘস্থায়ী স্বস্তির জন্য সাময়িক দুর্ভোগ মেনে নিতে হয়। তবে একটি লাইন শুরু হলে আস্তে আস্তে ভোগান্তিও কমতে থাকবে। সিঙ্গাপুরে এসব কাজে ২৫ বছর লেগে গেছে। আমাদের দেশে ১৮ বছরের কম সময়েই হবে। গতকাল (২৯ মে বুধবার) রাজধানীর আগারগাঁওয়ে মেট্রোরেল নির্মাণের অগ্রগতি বিষয়ক সভাশেষে সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৫)।

৮। **পুলিশের জন্য কেনা হচ্ছে ৭৯০টি গাড়ি : ক্রয়কমিটিতে অনুমোদন**

পুলিশের জন্য কেনা হচ্ছে ১৪০টি জিপ ও ৬৫০টি ডাবল কেবিন পিকআপ। সর্বমোট ৭৯০টি গাড়ি কিনতে খরচ হবে প্রায় ৪০৮ কোটি টাকা। এ সংক্রান্ত দর প্রস্তাবের অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (২৯ মে বুধবার) সচিবালয়ে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। ক্রয়কমিটির প্রধান অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল দেশের বাইরে থাকায় কৃষিমন্ত্রী আবদুর রাজ্জাক এতে সভাপতিত্ব করেন। সূত্র-**সমকাল** (পৃ.১১,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭)।

৯। **ফায়ারম্যান সোহেলের পরিবারকে ১২ লাখ টাকার চেক প্রদান করলেন স্বরাষ্ট্রমন্ত্রী**

বনানীর এফআর টাওয়ারে আগুন নেভাতে গিয়ে নিহত ফায়ারম্যান সোহেল রানার পরিবারকে আর্থিক সহায়তা হিসেবে ১২ লাখ টাকার চেক প্রদান করা হয়েছে। প্রধানমন্ত্রীর পক্ষ থেকে পাঁচ লাখ এবং ফায়ার সার্ভিস কল্যাণ ট্রাষ্ট্রের পক্ষ থেকে সাত লাখ টাকা দেওয়া হয়েছে। গতকাল (২৯ মে বুধবার) ফায়ার সার্ভিস সদরদপ্তরে এক অনুষ্ঠানে সোহেলের পারিবারের হাতে এ চেক তুলে দেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সোহেল মানুষের জীবন বাঁচাতে গিয়ে নিজের জীবন দিয়েছেন। সোহেলের মতো মোট ২১ অগ্নিসেনা মানুষের জীবন বাঁচাতে গিয়ে নিহত হয়েছেন। তাদের আত্মত্যাগে ফায়ার সার্ভিস একটি উঁচুমানের বাহিনীতে পরিণত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফায়ারসার্ভিস কল্যাণ ট্রাষ্ট্রে ২০ কোটি টাকা অনুদান দিয়েছেন। ভবিষ্যতে পুলিশ ও সেনাবাহিনীর মতো ফায়ার সার্ভিসের ট্রাষ্ট্রও শক্তিশালী হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৮)।

১০। সংবাদ প্রকাশে সতর্ক হোন : তথ্যমন্ত্রী
ধান খেতে আগুন দেওয়ার ঘটনা সাজানো নাটক

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ তথ্য ভালোভাবে যাচাই করে সংবাদ পরিবেশন করতে গণমাধ্যমের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, সংবাদ প্রকাশে সতর্ক হোন। মিথ্যা তথ্য দিয়ে জনগণকে বিভ্রান্ত করবেন না। গতকাল (২৯ মে বুধবার) জাতীয় প্রেসক্লাবে বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট আয়োজিত কিংবদন্তি সংগীত শিল্পী সুবির নন্দীর স্মরণসভায় তিনি ধানের ন্যায্য দাম না পেয়ে টাঙ্গাইলের কালিহাতী উপজেলায় কৃষকের ধানক্ষেতে আগুন দেওয়ার ঘটনাকে সাজানো নাটক হিসেবে আখ্যায়িত করেন। সূত্র **: ইত্তেফাক (পৃ.১৫,ক.৫), সমকাল** (পৃ.১৫,ক.৫)।

১১। মাদক পুনর্বাসনকেন্দ্র স্থাপন ও দুর্নীতি দমনে সহযোগিতার আশ্বাস :
ভিয়েনায় ইউএনওডিসির মহাপরিচালকের সঙ্গে আইনমন্ত্রীর বৈঠক

বাংলাদেশে জাতীয় মাদক পুনর্বাসনকেন্দ্র স্থাপন এবং সন্ত্রাস বিষয়ক অপরাধ দমনের বিষয়ে সহযোগিতার আশ্বাস দিয়েছে জাতিসংঘের মাদক নিয়ন্ত্রণ ও অপরাধ দমন বিষয়ক দপ্তর ইউএনওডিসি। এছাড়া বাংলাদেশের দুর্নীতি দমন বিষয়ে কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানেও সহযোগিতার আশ্বাস দিয়েছে ইউএনওডিসি। বৈঠকে বাংলাদেশে মাদক নিয়ন্ত্রণ এবং অপরাধ ও দুর্নীতি দমনে সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছে ইউএনওডিসি। গতকাল (২৯ মে বুধবার) অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় ইউএনওডিসির মহাপরিচালকের সঙ্গে আইনমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের দ্বিপাক্ষিক আলোচনায় এ আশ্বাস দেয়া হয়। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৫,ক.৩)।

১২ ঈদের আগেই বেতন পাবেন বেসরকারি শিক্ষক-কর্মচারীরা : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, ঈদের আগেই এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীরা তাদের বেতন-বোনাস পেয়ে যাবেন। এতে কোনো সমস্যা হবে না। মাদ্রাসা শিক্ষকরা কোথাও কোথাও বেতন-বোনাস ব্যাংকে পাননি বলে জানিয়েছেন। তাদের টাকা শোধ করতেও সংশ্লিষ্ট ব্যাংকগুলোতে নির্দেশ দেয়া হয়েছে। গতকাল (২৯ মে বুধবার) সাংবাদিকদের সম্মানে আয়োজিত ইফতার মাহফিল শেষে এসব কথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **সংবাদ** (পৃ.১৫,ক.৬)।

১৩। রোগাক্রান্তদের ৬০ শতাংশ মারা যাচ্ছে অসংক্রামক রোগে : স্বাস্থ্যমন্ত্রী

বর্তমানে বাংলাদেশে অসংক্রামক রোগ ব্যাপক আকারে বাড়ছে। আর প্রতি বছর দেশে রোগাক্রান্তদের মধ্যে ৬০ শতাংশ মারা যাচ্ছে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, ডায়াবেটিসসহ নানা ধরনের অসংক্রামক রোগে। গতকাল (২৯ মে বুধবার) সচিবালয়ে ন্যাশনাল ইনস্টিটিউট অভ্ প্রিভেন্টিভ অ্যান্ড হেলথ মেডিসিন (নিপসম) আয়োজিত 'অসংক্রামক রোগের ঝুঁকিসমূহের ব্যাপ্তি নিরূপণ জরিপ ২০১৮' এর ফলাফল প্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র **: বণিক বার্তা** (পৃ.২,ক.১), **যায়যায়দিন** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.১৫,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক. ৮)।

১৪। ঈদযাত্রায় পাটুরিয়া-দৌলতদিয়ায় এবার ভোগান্তি পোহাতে হবে না : নৌ-প্রতিমন্ত্রী

আসন্ন ঈদ-উল-ফিতরে পাটুরিয়া-দৌলতদিয়া নৌপথে ঘরমুখো কোনো যাত্রীকে ভোগান্তি পোহাতে হবে না। কোনো রকম ভোগান্তি ছাড়াই নির্বিঘ্নে যাত্রীদের পারাপার করা হবে। নৌপথে ঈদযাত্রা নিরাপদ ও নির্বিঘ্ন করতে সব ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে। কোনো ভোগান্তি ছাড়াই এবার ঈদযাত্রায় ঘরমুখো মানুষ ঘরে ফিরতে পারবে। গতকাল (২৯ মে বুধবার) পাটুরিয়া-দৌলতদিয়া ঘাটের ঈদ প্রস্তুতি পরিদর্শনকালে নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৫,ক.৮), **ইত্তেফাক (শেষ** পৃ,ক.১)।

১৫। ঢাকা দক্ষিণ সিটির উন্নয়নে ১০ কোটি ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের নিকটবর্তী এলাকার উন্নয়নে ১০ কোটি পাঁচ লাখ ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক। 'দ্য ঢাকা সিটি নেইবারহুড আপগ্রেডিং প্রজেক্ট' এর আওতায় কামরাঙ্গির চর, লালবাগ, সূত্রাপুর-নয়াবাজার-গুলিস্তান, খিলগাঁও-মুগদা-বাসাবো অঞ্চলের নাগরিক সুবিধা বৃদ্ধি করা হবে। বিশেষ করে এ অঞ্চলের পার্ক, খেলার জায়গা, জলাধার, সড়ক, হাঁটারাস্তা এবং কমিউনিটি সেবার উন্নয়ন করা হবে। ফলে প্রায় ১০ লাখ মানুষ উপকৃত হবে বলে বিশ্বব্যাংক আশা করছে। এ লক্ষ্যে গতকাল (২৯ মে বুধবার) শেরেবাংলা নগরস্থ ইআরডি সম্মেলনকক্ষে আয়োজিত অনুষ্ঠানে সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) অতিরিক্ত সচিব জাহিদুল হক এবং বিশ্বব্যাংকের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর জাহিদ হোসেন চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **বাংলাদেশ টুডে (শেষ** পৃ,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **সমকাল, ফিনাশিয়াল এক্সপ্রেস :** বিশ্বকাপ ক্রিকেটের দ্বাদশ আসরের পর্দা উঠছে আজ, এতে অংশ নেওয়া বাংলাদেশ ক্রিকেট দলের সফলতা কামনা।

খ. **ইত্তেফাক :** গর্ভধারণ ও প্রসবজনিত জটিলতার কারণে প্রতি বছর বাংলাদেশে ৫ হাজার ৪৭৫ জন এবং প্রতিদিন প্রায় ১৫ জন মা মৃত্যুবরণ করে এক পরিসংখ্যানে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

গ. **ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ডেইলি সান, নিউ নেশন :** আন্তর্জাতিক গবেষণায় বিশ্বব্যাপী অ্যান্টিবায়োটিক দূষণের একটি পরিসংখ্যানে বাংলাদেশের নদনদীর পানিতে কোথাও কোথাও স্বাভাবিকের চেয়ে ৩০০ গুণেরও বেশি অ্যান্টিবায়োটিক দূষণের মাত্রা ধরা পড়েছে-এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে নদ-নদী, প্রাকৃতিক পরিবেশ ও জনস্বাস্থ্যের ঝুঁকি মোকাবিলায় কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন, যুগান্তর, ভোরের কাগজ, ডেইলি সান :** ফেনীর সোনাগাজীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফিকে পুড়িয়ে হত্যার দেড় মাস পর অভিযোগপত্র চূড়ান্ত করেছে সরকারের তদন্তকারী সংস্থা পিবিআই উল্লেখ করে দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

ঙ. **যুগান্তর :** অতিরিক্ত ট্রান্সফ্যাটযুক্ত খাবার গ্রহণ করায় প্রতিবছর দেশে অন্তত আট হাজার অর্থাৎ গড়ে প্রতিদিন ২১ জনের মৃত্যু হচ্ছে-এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় এর ঝুঁকি কমাতে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা নেওয়ার সুপারিশ।

চ. **ঢাকা ট্রিবিউন :** কন্যা শিশুর ওপর যৌন নির্যাতনের ঘটনা বেড়েই চলছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউ নেশন :** বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গারা বাংলাদেশি পাসপোর্ট বানিয়ে বিদেশে পাড়ি জমাচ্ছে উল্লেখ করে দেশের নিরাপত্তা বিবেচনায় নিয়ে এসব কর্মকাণ্ডের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

নিবন্ধ ও ফিচার

বণিকবার্তা পত্রিকায় প্রকাশিত **'উন্নয়ন ভাবনা ও তার সংকট'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে পারলে মাথাপিছু আয় বাড়বে, কর্মসংস্থান সৃষ্টি হবে, সমাজে দারিদ্র্য কমবে এবং এর মাধ্যমে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হবে ।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/ ৯.০০ঘন্টা